গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গৌরীপুর, ময়মনসিংহ।
www.gouripur.mymensingh.gov.bd

সংশোধিত পূণঃনিলাম বিজ্ঞপ্তি

স্মারক নং- ০৫.৪৫.৬১২৩.০০০.০৬.০০১.২৫-১৬০ তারিখ ঃ ০৫/০৩/২০২৫ খ্রিঃ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০৫/০৩/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত উপজেলা বালু ও মাটি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার সোয়াই নদী পুনঃখনন এবং নদীর তীর সংরক্ষণ শীর্ষক প্রকল্পের আওতায় সোয়াই নদীর মইলাকান্দা/সিধলা ইউনিয়নের উত্তোলিত মাটি উন্মুক্ত নিলামের উদ্দেশ্য অনুমোদিত মাটি সরেজমিন তদন্ত করে বিক্রয়যোগ্য মাটির পরিমাণ নির্ধারণ করা হয়েছে । মাটি সংরক্ষিত স্হান গৌরীপুর উপজেলা মইলাকান্দা ইউনিয়নের মইলাকান্দা,নপাই, ডেংগা ও পাইস্কা মৌজা, সিধলা ইউনিয়নের বেলতলী মৌজায় (ঘিটুয়ারীর পূর্ব পর্যন্ত) (ডান তীর ও বাম তীর ) ।

এমতাবস্হায় আগামী ১০/০৩/২০২৫ ইং তারিখ সোমবার বেলা ১১.৩০ ঘটিকায় গৌরীপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিলাম কমিটির উপস্হিতিতে উত্তোলিত মাটি/বালু উন্মুক্ত /প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রয় করা হবে । মাটি ক্রয়ে আগ্রহী ব্যক্তিগণ মাটির স্হান পরিদর্শন পূর্বক যথাসময়ে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

| ক্রমিক নং | মৌজার নাম | মাটির পরিমান (ঘনমিটার) |
|---|---|---|
| ০১ | মইলাকান্দা | ১০,৫০০ |
| ০২ | নপাই | ১৩,১০০ |
| ০৩ | ডেংগা | ১০,২০০ |
| ০৪ | পাইস্কা | ১২,১০০ |
| ০৫ | বেলতলী | ১৫,৫৬৬ |
| | মোট | = ৬১,৪৬৬ |

শর্তাবলী ঃ

১। নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ডাকে অংশ গ্রহণের ১ ঘন্টা পূর্বে জামানত হিসেবে ডাকের ৩০,০০০/-(ত্রিশ হাজার টাকা ফেরতযোগ্য ) জমা প্রদান করতে হবে ।

২। নিলাম ডাককারী উপস্হিত থেকে ডাকে অংশ গ্রহণ না করলে তার জামানত বাজেয়াপ্ত হিসেবে গণ্য হবে ।

৩। সর্বোচ্চ ডাককারীর অনুকূলে নিলাম ডাক গ্রহণ করা হবে এবং তাকে নিলাম ডাক শেষ হওয়ার ০২(দুই )কর্মদিবসের মধ্যে ডাককৃত অর্থ পরিশোধ করতে হবে ।

৪। অনুমোদিত ডাককারীর প্রস্তাবিত ডাকের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% ভ্যাট( ডাকে উল্লিখিত দরের অতিরিক্ত) প্রদান করতে হবে ।

৫। নিলাম গ্রহিতাকে নিলাম সমাপ্তির ০৭(সাত)দিনের মধ্যে নিজ দায়িত্বে নিলামকৃত মাটি অপসারণ করতে হবে। ব্যর্থতায় তার ডাক বাতিল বলে গণ্য হবে ।

৬। সরকারি স্বার্থে ডাক গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন ।

এম. সাজ্জাদুল হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি
গৌরীপুর, ময়মনসিংহ।